# বিএসএমআর মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ

## রেজিস্ট্রার দপ্তর (সংস্থাপন শাখা)

১৪/৬-১৪/২৩, পল্লবী, মিরপুর-১২, ঢাকা-১২১৬, মোবাঃ ০১৭৬৯-৭২১০১০

ই-মেইল: regoffice@bsmrmu.edu.bd, ওয়েব: www.bsmrmu.edu.bd


বিজ্ঞপ্তি নম্বর: বিএসএমআরএমইউ/রেজি-৩৩৬/২৪/০৩ তারিখ: ০১/১২/২০২৪

## নিয়োগ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ২০১৩ সনের ৪৭ নং আইন দ্বারা প্রতিষ্ঠিত বিএসএমআর মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ-এর জন্য নিম্নবর্ণিত শূন্য পদে কর্মকর্তা নিয়োগের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে আবেদনপত্র আহ্বান করা যাইতেছে:

| ক্রমিক নং | পদের নাম, পদসংখ্যা, গ্রেড ও বেতনস্কেল | সর্বোচ্চ বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১. | সহকারী প্রকৌশলী (সিভিল) -০১ (এক)<br><br>(গ্রেড-৯, বেতনস্কেল ২২,০০০-৫৩,০৬০/-) | ৩২ বৎসর | (ক) **শিক্ষাগত যোগ্যতা:** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সিভিল ইঞ্জিনিয়ারিং-এ ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি। উচ্চতর ডিগ্রি/প্রশিক্ষণ/অধিক যোগ্যতাসম্পন্ন প্রার্থী অগ্রাধিকারযোগ্য;<br><br>(খ) **অভিজ্ঞতা:** কোন পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকিতে হইবে।<br><br>(গ) সংশ্লিষ্ট বিষয়ে যোগ্য ও অভিজ্ঞ সামরিক বাহিনীর (অবঃ) সদস্যগণও আবেদন করিতে পারিবেন এবং তাহাদের ক্ষেত্রে বয়ঃসীমা শিথিলযোগ্য। |

**** জাতীয় বেতন-স্কেল, ২০১৫ অনুযায়ী বেতন-স্কেল উল্লেখ করা হইয়াছে। সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত জাতীয় বেতন-স্কেল বিশ্ববিদ্যালয়ের জন্যও সমভাবে প্রযোজ্য হইবে।**

## শর্তাবলি:

১। **আগ্রহী প্রার্থীদের স্বহস্তে পূরণকৃত ০২ (দুই) সেট আবেদনপত্র ১০ ডিসেম্বর ২০২৪ তারিখের মধ্যে রেজিস্ট্রার, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, পল্লবী, মিরপুর-১২, ঢাকা-১২১৬ ঠিকানায় ডাকযোগে/সরাসরি অফিস সময়ের মধ্যে পৌছাইতে হইবে। আবেদন ফরমসমূহ এই বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.bsmrmu.edu.bd বা রেজিস্ট্রার অফিস হইতে সংগ্রহ করা যাইবে। প্রার্থীত পদের নাম খামের উপর স্পষ্টাক্ষরে উল্লেখ করিতে হইবে। আবেদনপত্রের সহিত প্রার্থীর বর্তমান /যোগাযোগের ঠিকানাসহ ১০ টাকার ডাকটিকেট সম্বলিত ফেরত খাম সংযুক্ত করিতে হইবে।**

২। **বিএসএমআরএমইউ জেনারেল ফান্ড-এর অনুকূলে যেকোন তফসিলি ব্যাংক হইতে ১নং পদের জন্য ৬০০/০০ (ছয়শত) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে। আবেদনপত্রে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর, ব্যাংকের নাম, শাখা, টাকার পরিমাণ ও তারিখ উল্লেখ করিতে হইবে।**

৩। প্রার্থীকে আবেদনপত্রের সহিত সদ্যতোলা ৫ সে.মি. x ৫ সে.মি. সাইজের ০৪ (চার) কপি রঙিন সত্যায়িত ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, নম্বরপত্র ও প্রশংসাপত্র, অভিজ্ঞতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে), প্রকাশনা (প্রযোজ্য ক্ষেত্রে), বিদেশী বিশ্ববিদ্যালয় হইতে অর্জিত ডিগ্রির ক্ষেত্রে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হইতে ইস্যুকৃত সমমান সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে), নাগরিকত্ব সনদপত্র এবং জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি জমা প্রদান করিতে হইবে। মৌখিক পরীক্ষার সময় সকল কাগজপত্রের মূলকপি প্রদর্শন করিতে হইবে।

৪। **বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে প্রার্থীর বয়:সীমা সর্বোচ্চ সীমার মধ্যে থাকিতে হইবে।** মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার ক্ষেত্রে নির্ধারিত বয়:সীমা বিধিমতে শিথিলযোগ্য। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে উচ্চতর পদে আবেদনের জন্য বয়:সীমা প্রযোজ্য নহে। বিভাগীয় প্রার্থী বলতে এই বিশ্ববিদ্যালয়ে সংশ্লিষ্ট পদে কর্মরত স্থায়ী কর্মকর্তা/কর্মচারী।

৫। নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ভুল তথ্য সম্বলিত অথবা বিলম্বে প্রাপ্ত আবেদনপত্রসমূহ বাতিল বলিয়া গণ্য হইবে। আবেদনপত্রের উপর কোন ধরনের সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হইবে। আবেদনপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

৬। অত্র বিশ্ববিদ্যালয়ের অধ্যয়নের মাধ্যম ইংরেজি বিধায় প্রার্থীর ইংরেজিতে পারদর্শিতা অতিরিক্ত যোগ্যতা হিসেবে গণ্য হইবে।

৭। লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষার তারিখ ডাকযোগে পত্র মারফত এবং বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের মাধ্যমে জানানো হইবে।

৮। **যেকোন সরকারি চাকুরি হইতে বরখাস্ত কিংবা অপসারিত হইলে তাহা অযোগ্যতা হিসেবে বিবেচিত হইবে।**

৯। গ্রেডিং পদ্ধতির সঙ্গে বিভাগ/শ্রেণির সমতাকরণের ক্ষেত্রে এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার জিপিএ'র জন্য শিক্ষা মন্ত্রণালয়ের-শিম/শা:১১/১৯-১/২০০৭/১৭৪ সংখ্যক প্রজ্ঞাপন, তারিখ ০২ মার্চ ২০১০ এবং বিশ্ববিদ্যালয়ের পরীক্ষার সিজিপিএ'র জন্য শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শা:১১/৫-১(অংশ)/৫৮২ সংখ্যক প্রজ্ঞাপন, তারিখ ০২ জুন ২০০৯-এর (২) (ক), (খ) ও (গ) অনুসৃত হইবে।

১০। **চাকুরিরত প্রার্থীদের অবশ্যই স্ব-স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।**

১১। বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাস চট্টগ্রাম (৫নং মোহরা ওয়ার্ডের হামিদচর এলাকার মৌজা চর রাঙ্গামাটিয়া ও বাকলিয়া, থানা: বন্দর, জেলা: চট্টগ্রাম)-এ নির্মাণাধীন।

রেজিস্ট্রার

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ